UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh
Phone: 0371-61332 Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: Date: ২৪ জানুয়ারী ২০০৯

প্রেস বিজ্ঞপ্তি

## নবম জাতীয় সংসদের ১ম অধিবেশন শুরুর প্রাক্কালে ইউপিডিএফ এর আহ্বান: সংবিধান সংশোধন করে পার্বত্য চট্টগ্রামসহ দেশের সংখ্যালঘু জাতিসত্তাসমূহকে স্বীকৃতি দিন

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) অনতিবিলম্বে দেশের সংবিধান সংশোধন করে পার্বত্য চট্টগ্রামসহ দেশের সকল সংখ্যালঘু জাতিসত্তামূহকে সাংবিধানিক স্বীকৃতি দেয়ার জন্য নির্বাচিত সকল সংসদ সদস্যদের প্রতি আহ্বান জানানো হয়েছে।

নবম জাতীয় সংসদের ১ম অধিবেশন শুরুর প্রাক্কালে আজ শনিববার ইউপিডিএফ এর কেন্দ্রীয় দপ্তর থেকে সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে এই আহ্বান জানানো হয়।

পার্বত্য চুক্তি বাস্তবায়নে আওয়ামী লীগের নির্বাচনী অঙ্গীকারের কথা স্মরণ করিয়ে দিয়ে বিবৃতিতে বলা হয়, সংসদে তিন-চতুর্থাংশ আসনের অধিকারী বর্তমান আওয়ামী লীগ সরকারকেই দেশের সংখ্যালঘু জাতিসত্তাসমূহের জাতিগত স্বীকৃতি ও প্রথাগত ভূমি অধিকার প্রতিষ্ঠার জন্য সংবিধান সংশোধনের উদ্যোগ নিতে হবে এবং পার্বত্য চট্টগ্রাম সমস্যা সমাধানের ক্ষেত্রে তার আন্তরিকতা ও সদিচ্ছার প্রমাণ দিতে হবে।

বিগত প্রত্যেক সরকারের আমলে সংখ্যালঘু জাতিসত্তসমূহ উপেক্ষিত হয়েছে উল্লেখ করে বিবৃতিতে আরো বলা হয়, সারা বিশ্বে পরিবর্তনের প্রেক্ষাপটে দেশের সাগ্রমিক মঙ্গলের স্বার্থেই এ উপেক্ষা ও বঞ্চনার আশু অবসান হওয়া দরকার।

সরকারের পার্বত্য চট্টগ্রাম সম্পর্কিত নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নে বাস্তবসম্মত পদক্ষেপ নেয়া হলে তাতে ইউপিডিএফ পূর্ণ সমর্থন ও সহযোগিতা দিতে প্রস্তুত রয়েছে বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়।

বার্তা প্রেরক

**ছোটন কান্তি তঞ্চঙ্গ্যা**
প্রচার ও জনসংযোগ বিভাগ
কেন্দ্রীয় কমিটি
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।